আমাদের সময়

তারিখ ..13 JAN 2016......
পৃষ্ঠা ..12.. কলাম ..2......

# গাজীপুরে শিক্ষার্থীদের বিক্ষোভে পুলিশের লাঠিপেটা

গাজীপুর প্রতিনিধি ●
মাস্টার্সে ভর্তির আগের নিয়ম চালুর দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা আন্দোলনে নেমেছেন। গতকাল মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সামনে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করলে তাদের ওপর লাঠিপেটা করে পুলিশ। এতে বেশ কয়েকজন শিক্ষার্থী আহত হয়েছেন।

আন্দোলনরত শিক্ষার্থীরা জানান, বিশ্ববিদ্যালয়ের ২০০৯-১০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের পরীক্ষার ফল এখনো প্রকাশ করা হয়নি। এর মধ্যেই ২০১৩-১৪ শিক্ষাবর্ষে মাস্টার্সে ভর্তির সময়সীমা ২০ জানুয়ারি পর্যন্ত বেঁধে দেওয়া এরপর পৃষ্ঠা ২, কলাম ৪

## গাজীপুরে শিক্ষার্থীদের

(শেষ পৃষ্ঠার পর) হয়েছে। তারা বলেন, এ নিয়মে আমরা ভর্তি হতে পারব না। ফলে আমাদের জীবন থেকে একটি বছর চলে যাবে। কিন্তু আগে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্স ফাইনাল পরীক্ষা দিয়েই মাস্টার্সে ভর্তি হওয়ার যেত। কিন্তু এবার তা সম্ভব নয়।

পুলিশ জানায়, ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে অবস্থান নিয়ে শিক্ষার্থীরা অবরোধ করে রাখে। একপর্যায়ে ওই সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাদের বুঝিয়ে সড়ক থেকে যাওয়ার কথা বলে। কিন্তু পুলিশ লক্ষ্য করে ইট-পাটকেল ছোড়ে তারা। এমনকি গাড়ি ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে ভাঙচুরের চেষ্টা চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে তাদের ধাওয়া দিয়ে সরিয়ে দেওয়া হয়েছে বলে জানান ভোগড়া পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. জাকির হোসেন। এদিকে দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন অর রশিদ ক্যাম্পাস থেকে বেরিয়ে যাওয়ার সময় তার গাড়ি আটকে নানা স্লোগান দেন শিক্ষার্থীরা।